# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2015**

**THIRD YEAR**

**BENGALI (Honours)**

Date : 28/05/2015

Time : 11 am – 3 pm

Paper : IX

Full Marks : 100

১। ক) 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র যে সামাজিক-অর্থনৈতিক মতবাদ প্রচার করবার চেষ্টা করেছেন, তা উপযুক্ত উদাহরণ সহ আলোচনা করো। (১১)

**অথবা**

খ) 'কমলাকান্তের দপ্তর'-এর কথনশৈলী বাংলা প্রবন্ধ সাহিত্যে নিঃসন্দেহে স্বতন্ত্র। বিষয়টি আলোচনা করো। (১১)

২। ক) 'উঠ মা! এবার সুসন্তান হইব, সৎপথে চলিব-তোমার মুখ রাখিব।' — কার উক্তি? এমন আর্ত-উচ্চারণের কারণ কী? (৪)

**অথবা**

খ) 'প্রীতি সংসারে সর্ব্বব্যাপিনী—ঈশ্বরই প্রীতি'— এই প্রীতিতত্ত্বের তাৎপর্য ব্যাখ্যা করো। (৪)

৩। যে কোনো **একটি** বিষয় নিয়ে নিবন্ধ লেখো ঃ (১ × ১৪)

ক) অসমিয়া সাহিত্য খ) তামিল সাহিত্য

৪। ক) 'রস'-এর সংস্কৃত সংজ্ঞাটি হুবহু উদ্ধৃত করো। সংস্কৃত সাহিত্যতাত্ত্বিকেরা যে নয়টি স্থায়ী ভাব ও তাদের অনুসারী যে নয়টি রসের তালিকা দিয়েছিলেন, তা লেখো। 'রসের জগত'কে কি তোমার 'অলৌকিক জগত' বলে মনে হয়, যুক্তিসহ উত্তর দাও। (৪ + ৪ + ৬)

**অথবা**

খ) সংস্কৃত সাহিত্যতাত্ত্বিকেরা শব্দ, অর্থ, অলঙ্কার, রীতি, গুণ ইত্যাদির কথা বললেও শেষ পর্যন্ত থেমেছেন রসধ্বনিতে। এই যাত্রাপথে তাঁরা কি সাহিত্যের বহিরঙ্গ থেকে অন্তরঙ্গ কোন অনুষঙ্গকে খোঁজ করেছেন, নাকি কেবল বহিরঙ্গেই থেমে রয়েছেন? উপযুক্ত তথ্য এবং তাত্ত্বিকদের বলা প্রয়োজনানুগ মূল সংস্কৃত বক্তব্যকে যথাযথ উদ্ধৃত করে প্রশ্নের উত্তরটি দাও। (১৪)

৫। যে কোনো **একটি** মতবাদ নিয়ে আলোচনা করো ঃ (১ × ১৪)

ক) ম্যাজিক রিয়ালিজম্ খ) রোম্যান্টিসিজম্

৬। ক) এলিয়টের কবিতাগুলি বিংশ শতাব্দীর অস্থির ইতিহাসের দ্যোতক — আলোচনা করো। (১১)

**অথবা**

খ) কবি ওয়ার্ডসওয়ার্থের গীতিপ্রতিভার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। (১১)

৭। ক) রবীন্দ্রনাথের সৌন্দর্য সম্পর্কে ভাবনায় সত্য, সৌন্দর্য ও কল্যাণ একই সূত্রে কেমন করে গাঁথা পড়েছে, তা দেখাও। (১৪)

**অথবা**

খ) সাহিত্যের বিচার কীভাবে করা উচিত বলে মনে করেছেন রবীন্দ্রনাথ তা আলোচনা করে বলো যে সাহিত্যের বিচারকদের তিনি কয়ভাগে ভাগ করেছেন এবং কেন? (১৪)

৮। যে কোনো **একটি** বিষয়ে আলোচনা করো ঃ (১ × ৩)

ক) ম্যাকবেথ খ) এ টেল অফ টু সিটিস্

৯। ক) কালিদাসের কবিপ্রতিভার সম্যক পরিচয় দাও। (১১)

**অথবা**

খ) গদ্যসাহিত্যকার হিসেবে সংস্কৃত সাহিত্যে বাণভট্টের কৃতিত্ব আলোচনা করো। (১১)

১০। যে কোনো **একটি** বিষয়ে আলোচনা করো ঃ (১ × ৪)

ক) মৃচ্ছকটিক খ) গীতগোবিন্দ

——————— × ———————